



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০৪.০৪.২০২১

সূত্রঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতা/২১

একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়/
মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক /
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/
স্টাফ কলেজ এবং রিজিওনাল স্টাফ কলেজসমূহ/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখাসহ/
সকল শাখাসমূহ এবং সাবসিডিয়ারী কোম্পানীসমূহ,
জনতা ব্যাংক লিমিটেড।

বিষয় : ২০২১ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতার মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২১ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ১(এক) জোড়া চামড়ার ও ১(এক) জোড়া রাবারের জুতার মূল্য নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ করা যাবে।

ক্রমিক নং	জুতার বর্ণনা	প্রতি জোড়া জুতার মূল্য
১।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) চামড়ার জুতা	১,২৯০/- টাকা
২।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) রাবারের জুতা	১৯০/- টাকা
	মোটঃ	১,৪৮০/- টাকা

কথায়ঃ (এক হাজার চারশত আশি) টাকা মাত্র।

নিয়মাবলী/শর্তাবলী :

- উল্লেখিত বর্ণনার জুতা নির্ধারিত মূল্যে স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীগণ যে কোন বাটা সু কোম্পানী/বাটা বাজার হতে ক্রয়ের পর স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় জুতার মেমো/রশিদ জমা দান সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।
- মহিলা স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ক্ষেত্রে উক্ত নির্ধারিত মূল্য ও নিয়মাবলী সমভাবে প্রযোজ্য হবে, তবে তাদেরকে উক্ত জুতার পরিবর্তে বাটা সু কোম্পানীর যে কোন ধরনের ২(দুই) জোড়া স্যান্ডেল ক্রয় করতে হবে।
- স্থায়ী নন-ক্লারিক্যাল সকল কর্মচারীগণ প্রতি বৎসর উক্ত সুবিধা পেয়ে থাকে। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখঃ ১০/০১/১৯৯৭ এর আলোকে স্থায়ী কর্মচারীর চাকুরীর সময়সীমা ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবে।
- সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে জুতা পাওয়ারযোগ্য হবেন না। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুনর্বহাল হয়ে চাকুরীতে নিয়মিত হলে তারা উক্ত সুবিধা পাওয়ারযোগ্য হবেন। তবে জুতার মূল্য কোনভাবেই এরিয়ার প্রদান করা যাবে না।
- পিআরএল ভোগরত নন-ক্লারিক্যাল কর্মচারীগণ জুতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না।
- উল্লেখ্য কর্মচারী কর্তৃক জুতা ক্রয় করায় সরকারী বিধিমালা অনুযায়ী জুতার মূল্য প্রদানকালে প্রত্যেকের নিকট হতে ৭.৫% হারে অর্থাৎ ১০৩/- (একশত তিন) টাকা করে ভ্যাট কর্তনপূর্বক কর্তনকৃত ভ্যাটের টাকা একীভূত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যু করতঃ আগামী ১(এক) মাসের মধ্যে প্রধান কার্যালয়ের “একাউন্টস্ ডিপার্টমেন্ট” বরাবরে পত্রের মাধ্যমে প্রেরণ করতে হবে।

চলমান পাতা-০২

(Handwritten signature)



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

পাতা-০২


সূত্রঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতা/২১

তারিখঃ ০৪.০৪.২০২১


(ছ) কর্মচারীগণ যাতে জুতা পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে।


08.08.2021
(খান মাহমুদ কামাল)
সহকারী মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত,


04.04.2021
(গোপাল চন্দ্র মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক